

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড  
পল্লী ভবন  
প্রোগ্রামিং শাখা  
৫ কাওরান বাজার, ঢাকা-১২১৫।  
www.brdb.gov.bd

বিষয়ঃ ১৭ ডিসেম্বর/২০২০ খ্রি: অনুষ্ঠিত বিআরডিবি'র ইনোভেশন কমিটির সভার কার্যবিবরণী।


সভাপতি : নিতাই চন্দ্র সেন  
পরিচালক (প্রোগ্রামিং)  
সভার তারিখ : ১৭ ডিসেম্বর/২০২০ খ্রি:  
সভার সময় : সকাল ১১.০০ ঘটিকা  
স্থান : সভাপতি মহোদয়ের অফিস কক্ষ।  
উপস্থিতি : পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য।

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। ইনোভেশন কর্মপরিকল্পনা ২০২০-২০২১ এর কার্যক্রম বাস্তবায়নে তিনি সকলের নিকট গঠনমূলক পরামর্শ প্রত্যাশা করেন। সে মোতাবেক বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়-

ক্র: নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
০১	বিগত সভার সিদ্ধান্তসমূহ পর্যালোচনা	১. সভায় জানানো হয় ৩০/০৭/২০২০ তারিখে উদ্ভাবনী উদ্যোগ/ধারণাগুলো একীভূত করে তথ্য বাতায়নে প্রকাশ করা হয়েছে। ২. পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের চাহিদা মোতাবেক ২০২০-২০২১ অর্থবছরের উদ্ভাবনী উদ্যোগ/ ধারণাসমূহের একীভূত তথ্য কণিকা প্রস্তুতপূর্বক মহাপরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে বিগত ০১/১১/২০২০ তারিখে পটসবি এ প্রেরণ এবং ওয়েবসাইটে প্রচার করা হয়েছে। ৩. মন্ত্রীপরিষদ বিভাগ ও এটুআই এর নির্ধারিত ফরমেটে 'বিআরডিবি'র গ্রামীণ ক্ষুদ্র অবকাঠামো নির্মাণ স্কীম অনুমোদন প্রক্রিয়া সহজিকরণ' শিরোনামে নির্বাচিত সেবাটি সহজিকরণের জন্য মহাপরিচালক মহোদয় কর্তৃক ১৪/১২/২০২০ তারিখে পত্রজারি করা হয়েছে।	বাস্তবায়ন অগ্রগতির ধারা অব্যাহত রাখতে হবে।	উপপরিচালক (প্রোগ্রামিং)
০২	প্রাপ্ত উদ্ভাবনী ধারণাগুলো থেকে পাইলটিং এর জন্য আইডিয়া/ধারণা বাছাই	সভায় উপপরিচালক (প্রোগ্রামিং) ও সদস্য সচিব উপস্থিত সকলকে অবহিত করেন যে, ২০২০-২০২১ অর্থবছরের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনার ক্রমিক নং ৬ এর ৬.১.১ এ পাইলটিং বাস্তবায়নের অফিস আদেশ জারির লক্ষ্যমাত্রা রয়েছে। লক্ষ্যমাত্রা অনুযায়ী বিআরডিবি'র সদর দপ্তর মাঠ পর্যায় থেকে প্রেরিত উদ্ভাবনী উদ্যোগসমূহ থেকে একটি উদ্যোগ/ধারণা বাছাই করা প্রয়োজন। এতে করে কর্মপরিকল্পনার লক্ষ্যমাত্রা অর্জনসহ সূচকমান-৩ অর্জন করা যাবে। এ আলোকে মাঠ পর্যায় থেকে প্রাপ্ত উদ্ভাবনী উদ্যোগসমূহ সভায় উপস্থাপন করা হয় এবং এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।	সভায় নিম্নোক্ত উদ্যোগ/ ধারণাসমূহ বাছাই করা হয়- ১. Microsoft Excel Worksheet এর মাধ্যমে প্রত্যেক সদস্যের নাম ও প্রয়োজনীয় তথ্যসহ মাসিক আদায় সীট (Monthly Collection Sheet-MCS) প্রস্তুত ও ব্যবহার; ২. সমিতি/দলভুক্ত সদস্যদের মাঝে একক ঋণের প্রচলন; ৩. আমার গ্রামে আমার প্রশিক্ষণ; ৪. পেশাভিত্তিক ঋণ বিতরণ ও সেবামূল্য আদায়ের মাধ্যমে কর্মসংস্থান সৃষ্টি। উপরিউক্ত আইডিয়া ০৪ টি মহাপরিচালক মহোদয়ের	উপপরিচালক (প্রোগ্রামিং)

ক্র: নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকা:
			নিকট উপস্থাপন করতে হবে। মহাপরিচালক মহোদয়ের সিদ্ধান্ত অনুযায়ী পাইলটিং এর জন্য পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	
০৩	উদ্ভাবকগণের উদ্ভাবনী উদ্যোগ বাস্তবায়ন কর্মপরিকল্পনা প্রণয়ন	সভায় বিআরডিবি'র ২০২০-২০২১ অর্থবছরের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা যথাযথ ভাবে বাস্তবায়নের লক্ষ্যে একটি বাস্তবায়ন কর্মপরিকল্পনা (ক্যালেন্ডার) প্রণয়ন করা প্রয়োজন মর্মে সদস্য সচিব উপস্থিত সকলকে অবহিত করেন। ২০২০-২০২১ অর্থবছরের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনার ক্রমিক নং ১৩ এর ১৩.১.১ এ বিষয়টিকে লক্ষ্যমাত্র হিসেবে ধরা হয়েছে। লক্ষ্যমাত্রা অর্জিত হলে সূচকমান ৩ অর্জন করা সম্ভবপর হবে মর্মে সভায় আলোচনা হয়।	নির্ধারিত সময়ের মধ্যে উদ্ভাবন বাস্তবায়ন কর্মপরিকল্পনা (ক্যালেন্ডার) প্রণয়ন পূর্বক তা সংশ্লিষ্ট সেবাবক্সে আপলোড করতে হবে।	উপপরিচালক (প্রোগ্রামিং)
০৪	বিবিধ	উদ্ভাবনে সক্ষমতা বৃদ্ধি ও বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনার ক্রমিক নং ৪ এর ৪.১.১, ৪.২.১ ও ৪.৩.১ এর সূচকমান অর্জনে প্রশিক্ষণ এবং কর্মশালা/সেমিনার আয়োজন করা প্রয়োজন মর্মে সভায় আলোচনা হয়।	নির্ধারিত সময়ের মধ্যে প্রশিক্ষণ এবং কর্মশালা/সেমিনার আয়োজন করতে হবে।	ইনোভেশন কমিটি

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

  
নিতাই চন্দ্র সেন  
পরিচালক (প্রশাসন)


ও  
সভাপতি, ইনোভেশন কমিটি  
বিআরডিবি, ঢাকা

স্মারক নং-৪৭.৬২.০০০০.৪১১.০৬.০৭৫.১৩- ৭৭৬৬

তারিখ: ১৭ ডিসেম্বর/২০২০ খ্রি:

অনুলিপি (সদয় অবগতি ও কার্যার্থে):

১. পরিচালক (অর্থ ও হিসাব) বিআরডিবি, ঢাকা।
২. যুগ্মপরিচালক (সিসিএম), বিআরডিবি, ঢাকা।
৩. উপপরিচালক (পরিকল্পনা), বিআরডিবি, ঢাকা।
৪. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)
৫. সহকারী পরিচালক (পদাবিক), বিআরডিবি, ঢাকা।
৬. পরিচালক (প্রশাসন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।

  
নাজমীন খানম  
উপপরিচালক (প্রোগ্রামিং)

ও  
সদস্য সচিব, ইনোভেশন কমিটি  
বিআরডিবি, ঢাকা